মিরপুর কালশীতে বহুতল ভবনে আগুন, নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ৪ ইউনিট



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুর ১১ নম্বরে কালশীতে একটি ছয়তলা ভবনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। ফায়ার সার্ভিসের চারটি ইউনিট আগুন নিয়ন্ত্রণের কাজে নিয়োজিত, এবং দ্রুত আরও দুটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছাবে।

ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার রাকিবুল হাসান জানান, শুক্রবার রাত ১০টা ১৪ মিনিটে খবর পাওয়া যায় যে বিবাহ বাড়ি কমিউনিটি সেন্টারের ছয়তলা ভবনের উপরের তলায় আগুন লেগেছে। তিনি বলেন, “সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে আমাদের ইউনিটগুলো আগুন নেভাতে কাজ করছে।”

প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও আর্থিক ক্ষয়ক্ষতি নিরূপণ করা হয়নি। এ পর্যন্ত কেউ হতাহত হয়েছে এমন খবর পাওয়া যায়নি।

LENS ASIA